بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

December 16, 2013

Victory Day Celebrated with colorful display of Bangali culture at the Embassy of Bangladesh in Washington DC

Victory Day was celebrated in a befitting manner and with colourful display of Bangali culture, and utmost festivity at the Embassy of Bangladesh in Washington DC. The Embassy organized a two-day long program to celebrate the occasion. On Sunday, 15 December 2013 a cultural program and a discussion meeting were held at the Bangabandhu auditorium of the Embassy. An overflowing crowd of more than 400 participants, comprising of expatriate Bangladesh nationals (NRBs), general washingtonians, State Department officials, students, and members of think-tanks etc. gathered to enjoy the cultural programme at the Bangabandhu auditorium. Notably, a large segment of the audience was composed of the new generation Bangladeshi-Americans living in the USA.

In his welcome remarks, Bangladesh Ambassador to the USA and State Minister Mr. Akramul Qader paid homage and tribute to the valiant freedom fighters and millions of martyrs, who shed their lives for making Bangladesh a free nation under the leadership of Bangabandhu Sheikh Mujibur Rahman. He also paid rich tribute to the uncountable number women who sacrificed their honour during the nine-month long brutal war in 1971. In an emotional note, he stated, "on the eve of our victory day, a verdict of ICT against a war criminal has been carried out ending the longstanding culture of impunity. The victory day 2013 therefore marks a new era concluding a disgraceful chapter in nation's life". Ambassador Qader detailed on the historical accounts on Bangabandhu's struggles and sacrifices throughout his whole life. He said that it is important to uphold Bangabandhu's ideals in their truest sense. Ambassador Qader assured the audience that Hon'ble Prime Minister Sheikh Hasina is not only pledge-bound to safeguard the interests of the democracy-loving people of Bangladesh as dreamt by Bangabandhu, but also to lead the country to a middle income Digital Bangladesh by 2021.

Among others, Shamim Chowdhury, President of Bangladesh Center for Community Development Inc. (BCCDI), Professor Keith P. West, Director, Center and Program in Human Nutrition, Department of International Health, Bloomberg School of Public Health, Johns Hopkins University, a great friend of Bangladesh, spoke on the occasion.

A cultural program presented by a set of local Bangladeshi artists followed the discussion program. Embassy officials and members of their families also put up a segment in the show. The colorful show created a vivid image in the minds of the audience of the pain and sacrifice for the nation made by our ancestors and the joy of gaining blood soaked victory in 1971. The vibrant voices and visual demonstrations of the performers reminded us the fact that our liberation war was not only about achieving the political and jurisdictional sovereignty, but was also about rights to practice our own culture, sing our own songs and speak our mother tongue, Bangla.

Mrs. Rifat Sultana Akram, wife of Ambassador Akramul Qader, delivered the Vote of Thanks at the end of the program. The guests were served with traditional Bangladeshi cuisine.

On Monday, 16 December 2013 morning, as part of two-day Victory Day programme, Bangladesh national flag was ceremonially hoisted by His Excellency Ambassador Akramul Qader in presence of all the officials of the Embassy. Later messages from Hon'ble President, Hon'ble Prime Minister, and Hon'ble Foreign Minister on the occasion of this auspicious day were read out at a meeting at the Bangabandhu auditorium. The day's program concluded with a special prayer seeking for the salvation of the departed souls of our valiant freedom fighters who sacrificed their lives for the liberation of the country.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071,
Fax : 202-244-2771/7830, e-mail : bdoot_pwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৬ ডিসেম্বর ২০১৩

বাঙালী সংস্কৃতির বর্ণাঢ্য প্রদর্শণীর মাধ্যমে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে মহান বিজয় দিবস উদযাপিত

যথাযোগ্য মর্যাদা, উৎসাহ উদ্দীপনা এবং বাঙালী সংস্কৃতির বর্ণাঢ্য প্রদর্শণীর মাধ্যমে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ঐতিহাসিক বিজয় দিবস উদযাপিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে দূতাবাস দুদিন ব্যাপী অনুষ্ঠানমালা আয়োজন করে। ১৫ ডিসেম্বর ২০১৩, রোববার দিবসটি উপলক্ষে দূতাবাস বিশেষ আলোচনা অনুষ্ঠান ও সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করে। ওয়াশিংটনস্থ প্রবাসী বাংলাদেশী, সাধারণ ওয়াশিংটনবাসী, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের কর্মকর্তা, ছাত্র, সুশীল সমাজের প্রতিনিধিসহ চার শতাধিক দর্শক-শ্রোতা অনুষ্ঠানটি উপভোগ করেন। উপস্থিত দর্শকদের মধ্যে নতুন প্রজন্মের বাংলাদেশী আমেরিকানদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের তাঁর স্বাগত বক্তব্যের শুরুতে বীর মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের অগণিত শহীদ এবং যুদ্ধকালীন সময়ে পাক হানাদার বাহিনী ও তাদের দোসরদের পৈশাচিক অত্যাচারের শিকার বাংলার মা বোনদের প্রতি তাঁদের আত্মত্যাগের জন্য গভীর শ্রদ্ধা জানান। তিনি স্বাধীনতা যুদ্ধের অবিসংবাদিত নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি আবেগ জড়িত কন্ঠে বলেন, ''বিজয় দিবসের প্রক্কালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল একটি রায় বাস্তবায়নের মাধ্যমে দীর্ঘদিন ধরে যুদ্ধাপরাধীদের দায়মুক্তির যে সংস্কৃতি চলে আসছিল তার অবসান ঘটাতে সক্ষম হয়েছে। ২০১৩ এর বিজয় দিবস তাই বাঙালী জাতির জীবনে এক কলঙ্কজনক অধ্যায়ের পরিসমাপ্তির বার্তা বয়ে এনেছে"। রাষ্ট্রদূত তাঁর বক্তেব্যে বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনের এক পূর্ণাঙ্গ চিত্র তুলে ধরেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর নীতি ও আদর্শকে সত্যিকার অর্থেই আমাদের হৃদয়ে ধারণ করতে হবে। রাষ্ট্রদূত উপস্থিত সকলকে আশ্বস্ত করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের গণতন্ত্রমনা জনমানুষের আশা, আকাঙ্খা ও অধিকার রক্ষায় বদ্ধপরিকর। শুধু তাই নয়, তাঁর নেতৃত্বে বাংলাদেশ ২০২১ সাল নাগাদ একটি মধ্য আয়ের দেশ হিসেবে প্রতিষ্ঠিত হবার লক্ষ্যে এগিয়ে চলছে।

অন্যান্যদের মধ্যে বিসিসিডিআই (ওয়াশিংটনস্থ বাংলা স্কুল) এর সভাপতি জনাব শামীম চৌধুরী এবং জনস্ হপকিনস্ বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক স্বাস্থ্য বিভাগের প্রফেসর, এবং বাংলাদেশের একজন বন্ধুপ্রতীম ব্যক্তিত্ব জনাব কিথ ওয়েস্ট বক্তব্য রাখেন।

আলোচনা অনুষ্ঠান শেষে ওয়াশিংটনস্থ বাংলাদেশী সংস্কৃতি কর্মীদের অংশগ্রহণে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। দূতাবাসের কর্মকর্তা ও তাঁদের পরিবারের সদস্যগণও এ অনুষ্ঠানে দেশাত্ববোধক গানের একটি পরিবেশনা উপহার দেন। বর্ণাঢ্য এ আয়োজন উপস্থিত দর্শকদের হৃদয়ে ১৯৭১-এর শহীদদের আত্মত্যাগের বেদনাবিধুর স্মৃতি এবং একই সাথে রক্তস্নাত একাত্তরের বিজয় গাঁথার এক প্রোজ্জ্বল মানসচিত্র অঙ্কণ করে। শিল্পীদের উদ্দাত্ত কণ্ঠ এবং নৃত্যশৈলী উপস্থিত দর্শকদের কাছে স্বাধীনতা যুদ্ধকালীন সময়কে যেন পুনরায় ফিরিয়ে নিয়ে আসে । এ কথা অনস্বীকার্য যে,আমাদের মুক্তিযুদ্ধের উদ্দেশ্যে শুধুমাত্র একটি স্বাধীন ভূখন্ড অর্জনের মধ্যেই সীমাবদ্ধ ছিল না। এটি ছিল আমাদের সাংস্কৃতিক অধিকার আদায়েরও সংগ্রাম, আমাদের নিজস্ব সংগীত বুকে লালন করার সংগ্রাম, সর্বোপরি, নিজের ভাষায় কথা বলার অধিকার আদায়ের সংগ্রাম।

মান্যবর রাষ্ট্রদূতপত্নী রিফাত সুলতানা আকরাম অনুষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠান শেষে উপস্থিত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশন করা হয়।

১৬ ডিসেম্বর ২০১৩, সোমবার সকালে দুদিন ব্যাপী বিজয় দিবসের অনুষ্ঠানমালার অংশ হিসেবে মান্যবর রাষ্ট্রদূত আকরামুল কাদের দূতাবাস কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে দূতাবাস অঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন। পতাকা উত্তোলনের সময় জাতীয় সঙ্গীত বাজানো হয়। অতঃপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর প্রদত্ত বাণী পড়ে শোনানো হয়। সবশেষে শহীদদের আত্মার মাগফেরাত এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071,
Fax : 202-244-2771/7830, e-mail : bdoot_pwash@yahoo.com